সেবা প্রতিষ্ঠানের তালিকা, সংজ্ঞা, সেবার কোড, হার ও প্রয়োজনীয় নির্দেশনা।

১। সেবা প্রতিষ্ঠানের তালিকা, সংজ্ঞা, সেবার কোড, হার ও প্রয়োজনীয় দিক নির্দেশনা

ক্রম.	সেবার কোড	সেবার নাম	হার	মন্তব্য
০১.	S ০০১ .১০	**হোটেল ঃ** ব্যাখ্যা।- "হোটেল" অর্থ, কোনো ক্লাবসহ, এমন কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে সাময়িকভাবে অবস্থানের জন্য কোনো কক্ষ বা কক্ষসমূহের স্যুট বা অন্য কোনো ধরনের আবাসন, উহাতে ক্যাটারিং এর ব্যবস্থা অথবা যেকোন নামে অভিহিত অন্য কোনো সেবা, সুবিধা বা উপযোগিতার ব্যবস্থা থাকুক বা না থাকুক, ভাড়া দেওয়া হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী কোনো প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।	১৫%	
০২.	S০০১.২০	**রেস্তোরা ঃ** (ক) শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোঁরা কর্তৃক সেবার বিনিময়ে সমুদয় অর্থের শতকরা একশত ভাগ। (খ) সাধারণ রেস্তোঁরা (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ ভাগ। ব্যাখ্যা।- "রেস্তোরাঁ" অর্থ কোনো ক্লাবসহ, এমন কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে অথবা যেকোন নামে অভিহিত অন্য কোনো সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হোক, উহাতে বা অন্যত্র ভোগের উদ্দেশ্যে কোনো খাদ্য বা পানীয় বিক্রয় করা হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী প্রতিষ্ঠানসহ যান্ত্রিকযানে পরিচালিত মোবাইল রেস্তোরাঁও ইহার অন্তর্ভূক্ত হইবে।	১৫% ৭.৫%	**অব্যাহতিঃ** বাংলাদেশের অভ্যন্তরে সকল অস্থায়ী হোটেল ও রেস্তোঁরা (অস্থায়ী বলিতে বেষ্টনী বিহীন, বিদ্যুৎ ফ্যান বিহীন ও অনধিক দুইটি বৈদ্যুতিক বাতিযুক্ত হোটেল ও রেস্তোঁরাকে বুঝাইবে) SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
০৩.	S০০২.০০	**ডেকোরেটরস ও ক্যাটারার্স ঃ** ব্যাখ্যা।- "ডেকোরেটরস ও ক্যাটারার্স" অর্থ কোনো দোকান, ফার্ম প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ যাহা বা যাহারা নিম্নোক্ত এক বা একাধিক সেবা প্রদান করিয়া থাকে যথাঃ	১৫%	VDS সাধারন আদেশ নং-০৬/মূসক/২০১৬

		(ক) ফুল, ফেষ্টুন, বান্টিং রঙিন কাগজ, কাপড় বা অন্যকোনো উপকরণ, যেকোনো ধরনের বৈদ্যুতিক বাতি, তোরণ, প্যান্ডেল বা সামিয়ানা দ্বারা কোনো প্রাঙ্গণ ভবন, মাঠ অথবা যানবাহন সজ্জিতকরণ; অথবা (খ) আসবাবপত্র বা ফিক্সচার্স দ্বারা কোনো ভবন, প্রাঙ্গন বা মাঠ সজ্জিতকরণ; অথবা (গ) যেকোনো ধরনের উৎসব বা অনুষ্ঠানে লিনেন ক্রোকারিজ, কাটলারিং বা বাসনপত্র সরবরাহকরণ; অথবা; (ঘ) কোনো খাদ্যসামগ্রী বা পানীয় প্রস্তুত, সরবরাহ বা পরিবেশনসহ বা যেকোনো ধরনের আপ্যায়ন।		
০৪.	S০০৩.১০	মোটর গাড়ীর গ্যরেজ, এবং ওয়াকর্সপ	১০%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
০৫.	S০০৩.২০	**<u>ডকইয়ার্ড ঃ</u>** ব্যাখ্যাঃ "মোটর গাড়ীর গ্যারেজ, বা ওয়ার্কসপ" এবং "ডকইয়ার্ড" অর্থ এমন কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে যেকোনো প্রকারের যান্ত্রিক যানবাহন বা নৌযান মেরামত, রূপান্তর (কনভার্সন) বা সার্ভিসিং করা হয় অথবা উহাদের যন্ত্রাংশের বা আকৃতির কোনো পরিবর্তন করা হয়।	১০%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
০৬.	S০০৪.০০	**<u>নির্মাণ সংস্থা ঃ</u>** ব্যাখ্যা ঃ (১) "নির্মাণ সংস্থা" অর্থ, এমন কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি যাহা বা যিনি বাণিজ্যিক ভিত্তিতে ভবন, যোগাযোগ মাধ্যম, পরিবহণ সড়ক, মহাসড়ক, সেতু বা অন্য যেকোনো ধরনের অবকাঠামো নির্মাণ, মেরামত বা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে বা থাকেন; এবং কোনো অবকাঠামোর সহিত সংযুক্ত হয় বা উহার অংশ হিসাবে ব্যবহৃত হয় এইরূপ যেকোনো ধরনের স্থায়ী বা অস্থায়ী সংস্থাপনও	৬%	অব্যাহতিঃ (ক) ৩০ শে জুন, ১৯৯১ পর্যন্ত স্বাক্ষরিত চুক্তির আওতাধিন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম এবং (খ) ৩০ শে জুন, ১৯৯১ পর্যন্ত জরীকৃত টেন্ডার সমূহের ভিত্তিতে ৩০ শে জুন, ১৯৯৩ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম। SRO ১৭৬-আই-ন/২০১৬/৭৫২-মূসক SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

		(যেমন শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ফলস সিলিং, লিফট ইত্যাদি) ইহার অন্তভূর্ক্ত হইবে।		
০৭.	S০০৫.১০	**পণ্যাগার ঃ** ব্যাখ্যা- "পণ্যাগার" অর্থ, এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে যেকোনো পণ্য পণ্যের বিনিময়ে বা অন্যকোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয় উক্তরূপ যেকোনো পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোনো পণ্যের নিস্পত্তি বিষয়ক সকল কর্মকান্ডও এই সেবার অন্তর্ভূক্ত হইবে।	১৫%	
০৮.	S০০৫.২০	**বন্দর ঃ** ব্যাখ্যা- "বন্দর" অর্থ এমন কোনো উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যেকোনো পণ্য পণ্যের বিনিময়ে বা অন্যকোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়, উক্তরূপ যেকোনো পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোনো পণ্যের নিস্পত্তি বিষযক সকল কর্মকান্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD-Inland Container Deport) এবং সিএফ এস (CFS- Container Freight Station) ও এই সেবার অন্তর্ভূক্ত হইবে।	১৫%	
০৯.	S০০৬.০০	**হিমাগার ঃ** ব্যাখ্যা ।- "হিমাগার" অর্থ এমন কোনো স্থান যেখানে তাপ নিয়ন্ত্রণ পদ্ধতিতে বা অন্যকোনো পদ্ধতিতে পণ্যের গুণগতমান অপরিবর্তিত রাখার জন্য বাণিজ্যিক ভিত্তিতে কোনো পণ্য সংরক্ষণের ব্যবস্থা রহিয়াছে।	০%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২

১০.	S০০৭.০০	**বিজ্ঞাপনী সংস্থা ঃ** ব্যাখ্যা।- (ক) " বিজ্ঞাপনী" অর্থ এমন কোনো পণ্যের বা সেবার প্রচারণার বা অন্য কোনো প্রচারনার উদ্দেশ্যে, পদ্ধতিতে পণ্যের গুণগতমান অপরিবর্তিত রাখার জন্য বাণিজ্যিক ভিত্তিতে যেকোনো নামের বা ধরনের বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোনো বিজ্ঞাপন যেকোনো মাধ্যমে বা অন্য কোনো পন্থায় প্রচারকরণে বা প্রচার কার্যে সহায়তাকরণে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। (খ) কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েবসাইট বা কোনো পত্রিকা, সাময়িকী, ম্যাগাজিন ইত্যাদি এর অনলাইন সংস্করনে বিজ্ঞাপন প্রচার করা হইলে উহাও বিজ্ঞাপনী সংস্থার অন্তর্ভূক্ত হইবে।	১৫%	অব্যাহতিঃ পত্রিকায় প্রকাশিত মৃত্যু সংবাদ SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
১১.	S০০৮.১০	**ছাপাখানা ঃ** ব্যাখ্যা।- "ছাপাখানা " অর্থ কোনো পুস্তক বা পত্রিকা ছাপার কাজে অথবা অন্য যেকোনো নামের বা ধরনের ছাপার কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা	১৫%	অব্যাহতিঃ পুস্তক, সাময়িকী ও ছাত্র/ছাত্রীদের শিক্ষামূলক দ্রব্যাদি মুদ্রনের চার্জের উপর SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
১২.	S০০৮.২০	**বাঁধাই সংস্থা ঃ** ব্যাখ্যা।- " বাঁধাই সংস্থা" অর্থ কোনো পুস্তক , পত্রিকা বা অন্য কোনো দলিলদস্তাবেজ বা খাতাপত্র বাধাইয়ের কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।	০%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
১৩.	S০০৯.০০	**নিলামকারী সংস্থা ঃ** ব্যাখ্যা।- " নিলামকারী সংস্থা" অর্থ সরকারি এবং বেসরকারি নিলামের আয়োজনে বা পরিচালনা কার্যে নিয়োজিত কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
১৪.	S০১০.১০	**ভূমি উন্নয়ন সংস্থা ঃ** ব্যাখ্যা।- "ভূমি উন্নয়ন সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যেকোনো উপায়ে প্রাপ্ত ভূমির উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য	০৩%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬

		কোনোভাবে পন্যের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোনো ব্যাক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।		
১৫.	S০১০.২০	**ভবন নির্মান সংস্থা ঃ** (ক) ১-১১০০ বর্গফুট পর্যন্ত (খ) ১১০১-১৬০০ বর্গফুট পর্যন্ত (গ) ১৬০১ বর্গফুট হইতে ও তদুর্ধ ব্যাখ্যা।- " ভবন নির্মাণ সংস্থা " অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যেকোনো উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মানপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনোভাবে পণ্যের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থা এবং অন্য যেকোনো উপায়ে প্রাপ্ত ভূমির উপর পণ্যের বিনিময়ে ভবন নির্মানপূর্বক হস্তান্তর কার্যক্রমও ইহার অন্তর্ভূক্ত হইবে।	১.৫% ২.৫% ৪.৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
১৬.	S০১১.১০	ভিডিও ক্যাসেট শপ ঃ	১৫%	
১৭.	S০১১.২০	ভিডিও গেমশপ ঃ	১৫%	
১৮.	S০১১.৩০	ভিডিও, অডিও রেকর্ডিং শপ ঃ	১৫%	
১৯.	S০১১.৪০	**ভিডিও ও অডিও সিডি ভাড়া প্রদানকারী শপ ঃ** ব্যাখ্যা।- "ভিডিও ক্যাসেট শপ, ভিডিও গেমশপ, ভিডিও অডিও রেকর্ডিং শপ, ভিডিও এবং অডিও সিডি ভাড়া প্রদানকারী শপ" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ভিডিও ক্যাসেট বা ভিডিও গেম বা ভিডিও ও অডিও সিডি বিক্রয় অথবা উহা সাময়িকভাবে ব্যবহারের সুযোগ প্রদান অথবা ভিডিও বা অডিও বা ভিডিও ও অডিও সিডি রেকর্ডিং এর কাজে নিয়োজিত কোনো প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।	১৫%	
২০.	S০১২.১০	**টেলিফোন**	১৫%	
২১.	S০১২.১১	**টেলিপ্রিন্টার**	১৫%	
২২.	S০১২.১২	**টেলেক্স**	১৫%	

২৩.	S০১২.১৩	**ফ্যাক্স**	১৫%	
২৪.	S০১২.১৪	**ইন্টারনেট সংস্থাঃ** ব্যাখ্যা।- "টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা" অর্থ টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট এর মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে যোগাযোগ স্থাপন, তথ্য বা উপাত্ত আদান প্রদানের ব্যবস্থাকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	অব্যাহতিঃ শুধুমাত্র শিক্ষা প্রতিষ্ঠানকে সেবা প্রদানের ক্ষেত্রে SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
২৫.	S০১২.২০	**সিমকার্ড সরবরাহকারী ঃ** ব্যাখ্যা।- "সিম কার্ড সরবরাহকারী" অর্থ পণ্যের বিনিময়ে Subscriber Identity Module (SIM) কার্ড Removable User Identification Module (RUIM) কার্ড বা অনুরূপ অন্যকোনো Microchip সম্বলিত কার্ডের মাধ্যমে সেলুলার (Mobile/-Fixed Wireless) টেলিফোন সংযোগ প্রদানকারী সংস্থা; এবং একই উদ্দেশ্য পূরনকল্পে উল্লেখিত কার্ড ব্যতিত Code Division Multiple Access (CDMA) বা অনুরূপ অন্যকোনো পদ্ধতির ব্যবহারও এই সেবার অন্তর্ভূক্ত হইবে।"	১৫%	
২৬.	S০১৩.০০	**যান্ত্রিক লন্ড্রি ঃ** ব্যাখ্যা।-"যান্ত্রিক লন্ড্রি" অর্থ বাণিজ্যিকভিত্তিতে যান্ত্রিক পদ্ধতিতে কোনো পোশাক, পরিচ্ছদ বা উহার অংশ বিশেষ বা যেকোনো ধরনের বস্ত্র, আচ্ছাধন বা মোড়ক ধোলাই, ইস্ত্রি, রং, রিপু, কাটা বা পলিস করার কার্যে নিয়োজিত কোনো স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
২৭.	S০১৪.০০	**ইন্ডেন্টিং সংস্থা ঃ** ব্যাখ্যা।-"ইন্ডেন্টিং সংস্থা" অর্থ দেশী বা বিদেশী ক্রেতা এবং বিক্রেতার মধ্যে বানিজ্যিক ভিত্তিতে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় বা আদান প্রদান সম্পর্কিত যোগাযোগ স্থাপন অথবা অনুরূপ ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সংক্রান্ত	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

		চুক্তি সম্পাদনে প্রয়োজনীয় সমন্বয় কার্যে নিয়োজিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা।		
২৮.	S০১৫.১০	**ফ্রেইট ফরোয়ারর্ডাস ঃ** ব্যাখ্যা- "ফ্রেইট ফরোয়ার্ডাস" অর্থ পণ্যের বিনিময়ে পণ্য মোড়ক-জাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকৃত ব্যতীত কোনো পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বানিজ্যিকভিত্তিতে পরিবহন ব্যবসায় সংক্রান্ত কার্যসম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
২৯.	S০১৫.২০	**ক্লিয়ারিং ও ফরোয়াডিং সংস্থা ঃ** ব্যাখ্যা।- "ক্লিয়ারিং ও ফরোয়াডিং সংস্থা" অর্থ বিদেশ হইতে আমদানিকৃত বা বিদেশে রপতানিযোগ্য কোনো পণ্য পণের বিনিয়ময়ে বা খোদ খালাসী (self elearnee)এর উদ্দেশ্যে শুল্ক আনুষ্ঠানিকতা সম্পন্ন লক্ষ্যে Customs Act 1969, (IV of 1969) এর Seetion 207 এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
৩০.	S০১৬.০০	**ট্রাভেল এজেন্সি ঃ** ব্যাখ্যা।- "ট্রাভেল এজেন্সি" অর্থ কমিশনভিত্তিতে কোনো যাত্রী পরিবহন প্রতিষ্ঠানের পক্ষে যাত্রী সাধারণের নিকট এক স্থান হইতে অন্যস্থানে যাতায়াতের জন্য টিকিট বিক্রয়কার্যে নিয়োজিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
৩১.	S০১৭.০০	**কম্যুনিটি সেন্টার ঃ** ব্যাখ্যা।- "কম্যুনিটি সেন্টার" অর্থ বিবাহ, জন্মদিন, সেমিনার, সিম্পোজিয়াম বা অন্যকোনো সাংস্কুতিক, সামাজিক বা রাজনৈতিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্তে সাময়িকভাবে ভাড়া প্রদত্ত কোনো ভবন বা প্রাঙ্গন এবং তদসংশ্লিষ্ট অনুষ্ঠান সম্পাদন সংক্রান্ত কার্যাবলীর মধ্যে খাদ্য পরিবেশনও অন্তর্ভূক্ত হইবে।	১৫%	

৩২.	S০১৮.০০	**চলচ্চিত্র ষ্টুডিও ঃ** ব্যাখ্যা।-"চলচ্চিত্র ষ্টুডিও" অর্থ চলচ্চিত্র রেকর্ডিং- এর সুবিধা সম্বলিত কোনো স্থান, প্রাঙ্গণ বা ভবন যাহা অর্থের বিনিময়ে ব্যবহার করার সুযোগ প্রদান করা হয়।	১৫%	
৩৩.	S০১৯.০০	**ফটো নির্মাতা ঃ** ব্যাখ্যা।- "ফটো নির্মাতা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে রঙ্গিন বা সাদাকালো ফটো প্রস্তুতকরণ বা ফিল্ম প্রক্রিয়াকরণে নিয়োজিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা।	০%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৩৪.	S০২০.০০	**জরিপ সংস্থা ঃ** ব্যাখ্যা।-"জরিপ সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে আমদানীকৃত রপ্তানিতব্য, দেশের অভ্যন্তরে মজুদকৃত বা সরবরাহকৃত পণ্যের জরিপকার্যে অথবা বীমা সংক্রান্ত জরিপকার্যে অথবা ভূমি জরিপসহ সকল প্রাকৃতিক, আর্থিক, মানব ও কারিগরি সম্পদ পরিমাপ বা জরিপকার্যে বা আর্থ, সামাজিক জরিপকার্যে বা অন্য যেকোনো জরিপকার্যে নিয়োজিত যেকোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, এবং পণ্যের বিনিময়ে যেকোনো ধরনের ভৌত বা রাসায়নিক পরীক্ষা সম্পাদনকারী বা যেকোনো বিষয়ের সম্ভাব্যতা যাচাইকারী বা কোনো প্রতিষ্ঠানের মান (standardization) প্রত্যয়ন বা পারফরমেন্স অডিট সম্পাদনকারী প্রতিষ্ঠান এবং মেরিন সার্বেয়ার প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভূক্ত হইবে।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৩৫.	S০২১.০০	**প্লান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা ঃ** ব্যাখ্যা।- "প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা" অর্থ অর্থের বিনিময়ে কোনো প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি অন্য কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থাকে ব্যবহারের সুযোগ প্রদানকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

৩৬.	S০২২.০০	**মিষ্টান্ন ভান্ডার ঃ** ব্যাখ্যা।- "মিষ্টান্ন ভান্ডার" অর্থ মিষ্টান্ন বা মিষ্টান্নজাতীয় খাদ্য সামগ্রী প্রস্তুতকরণ বা বিক্রয়ে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
৩৭.	S০২৩.১০	**চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) ঃ** ব্যাখ্যা।- "চলচ্চিত্র প্রদর্শক" অর্থ দর্শকদের উপভোগের জন্য বাণিজ্যিক ভিত্তিতে চলচ্চিত্র প্রদর্শনকারী বা প্রদর্শনের ব্যবস্থাপনাকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
৩৮.	S০২৩.২০	**চলচ্চিত্র পরিবেশক ঃ** ব্যাখ্যা।- "চলচ্চিত্র পরিবেশক" অর্থ চলচ্চিত্র প্রযোজনা বা নির্মাতা বা নিবেদক সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে সংগৃহীত চলচ্চিত্র অর্থের বিনিময়ে চলচ্চিত্র প্রদশর্ক (প্রেক্ষাগৃহ) বা সম্প্রচার কর্তৃপক্ষ বা অন্য কোনো ব্যক্তি বা সংস্থার নিকট হস্তান্তরকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
৩৯.	S০২৪.০০	**আসবাবপত্রের বিপণন কেন্দ্র ঃ** (ক) উৎপাদন পর্যায় (খ) বিপণন পর্যায় (শো রুম) (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে) ব্যাখ্যা।- "আসবাবপত্রের বিপণন কেন্দ্র" অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত যেকোনো আসবাবপত্র পণ্যের বিনিময়ে বিক্রয়ের স্থান এবং উক্তরূপ আসবাবপত্রের প্রস্তুত ও মেরামতের স্থানও উহার আওতাভূক্ত হইবে।	০৬% ০৪%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
৪০.	S০২৫.০০	**ওয়াসা ঃ** ব্যাখ্যা।- "ওয়াসা" অর্থ পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্টিত পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ।	১৫%	

৪১.	S০২৬.০০	**স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী ঃ** ব্যাখ্যা। (১) "স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার কর্তৃক প্রদত্ত সেবা" অর্থ মজুরী বা সার্ভিস চার্জের বিনিময়ে স্বর্ণ বা রৌপ্যের কিংবা স্বর্ণ ও রৌপ্যের অলংকার প্রস্তুত, মেরামত, মজুদ বা বিপণন কার্যে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা; (২) "স্বর্ণ পাকাকারী" অর্থ স্বর্ণ গলাইয়া বা পরিষ্কার করিয়া বা অন্য কোনো পদ্ধতিতে তেজাবি স্বর্ণ বা স্বর্ণপিন্ড প্রস্তুত ও বিপণনকারী।	৫%	SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
৪২.	S০২৭.০০	**বীমা কোম্পানী ঃ** ব্যাখ্যা।- "বীমা কোম্পানী" অর্থ অগ্নি, নৌ, বিমান, মোটর স্বাস্থ্যগত দূর্ঘটনাসহ অন্যান্য যেকোনো দূর্ঘটনার ক্ষেত্রে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যতীত) এর মাধ্যমে ক্ষতিপূরণ ব্যবস্থা সংক্রান্ত ব্যবসা পরিচালনায় নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	অব্যাহতিঃ (ক) বাংলাদেশে সমুদ্রগামী জাহাজের হাল বীমার প্রিমিয়াম; (খ) Private Sector Power Generation Company কর্তৃক প্রদত্ত বীমা প্রিমিয়াম; এবং (গ) এভিয়েশন বীমার পুনঃ বীমার (Co-insurance) ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় পরিশোধিত প্রিমিয়াম এর উপর প্রদেয় মূল্য সংযোজন কর SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৪৩.	S০২৮.০০	**কুরিয়ার (Curior) ও এক্সপেস মেইল সার্ভির্স ঃ** ব্যাখ্যা।- "কুরিয়ার ও এক্সপ্রেস মেইল সার্ভিস" অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য, দলিলপত্র, পণ্য বা পার্সেল (ওজনসীমা ১০ কোডজ পর্যন্ত) প্রেরণে এবং দেশের অভ্যন্তরে ফি বা চার্জের বিনিময়ে মোবাইল, ইন্টারনেট, ফোন, ফ্যাক্স বা অন্যকোন ইলেক্ট্রনিক মিডিয়া এর মাধ্যমে যোগাযোগের ভিত্তিতে অর্থ আদান প্রদানে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরোনামা সংখ্যা S০১৫ এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত) তবে সরকারি ডাক বিভাগ বা বেসরকারি যেকোনো সংস্থা কর্তৃক প্রদত্ত এক্সপ্রেস মেইল ইহার অন্তর্ভুক্ত হইবে।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

৪৪.	S০৩০.০০	**বিউটি পার্লার ঃ** ব্যাখ্যা ।- "বিউটি পার্লার" অর্থ এমন কোনো স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে বাণিজ্যিক ভিত্তিতে নারী বা পুরুষ বা উভয়ের কেশসজ্জা, অঙ্গসজ্জা বা রূপসজ্জামলূক সেবা প্রদানের বা তদানুষঙ্গিক কোনো সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা রহিয়াছে।	১৫%	
৪৫.	S০৩১.০০	**পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ঃ** ব্যাখ্যা ।- "পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা" অর্থ পণের বিনিময়ে নিজস্ব প্ল্যান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্যের মালিকানাধীন কোনো করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	অব্যাহতিঃ করযোগ্য পণ্যের মেরামত ও সার্ভিসিং কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (উৎসে মূল্য সংযোজন কর কর্তনের ক্ষেত্র ব্যতীত) SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৪৬.	S০৩২.০০	**কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরী ফার্ম ঃ** ব্যাখ্যা।- "কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরী ফার্ম" অর্থ পণ্যের বিনিময়ে যেকোনো পরামর্শক সেবা প্রদানে নিয়োজিত কোনো ব্যক্তি সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কোনো সম্ভাব্যতা যাচাই, প্রকল্প প্রণয়ন বা বাস্তবায়ন বা পরিকল্পনা প্রণয়ন বা বাস্ত বায়নের পরামর্শ প্রদান করেন অথবা উহা বাস্তাবায়নের তদারকি করেন।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৪৭.	S০৩৩.০০	**ইজারাদার ঃ** ব্যাখ্যা।- "ইজারাদার" অর্থ পণ্যের বিনিময়ে কোনো স্থান বা স্থাপনার অথবা কোনো স্থাবর সম্পত্তি বা কোনো স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল, ফি হাসিল বা খাস সংগ্রহকারীও ইহার অন্তভর্ক্তু হইবে।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

৪৮.	S০৩৪.০০	**অডিট এন্ড একাউন্টিং ফার্ম ঃ** ব্যাখ্যা।- "অডিট এন্ড একাউন্টিং ফার্ম" অর্থ পণ্যের বিনিময়ে কোনো ব্যক্তি প্রতিষ্ঠানের বার্ষিক বা কোনো নির্দিষ্ট মেয়াদের আয়-ব্যয় নিরীক্ষা অথবা হিসাব পরীক্ষা বা সংরক্ষণের কাজে নিয়েজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৪৯.	S০৩৫.০০	**শিপিং এজেন্ট ঃ** ব্যাখ্যা।- "শিপিং এজেন্ট" অর্থ Custons Act, 1969 এর Section 2 (g) সংজ্ঞায়িত "conveyance" এর আগমন, অবস্থান ও প্রস্থানে সংশ্লিষ্ট ব্যবসায় পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোনো বিদেশী শিপিং লাইনের স্থানীয় এজেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে।	১৫%	
৫০.	S০৩৬.১০	**শীতাতাপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস সার্ভিস ঃ** ব্যাখ্যা।- "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস সার্ভিস" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস, মিনিবাস বা কোষ্টারের মাধ্যমে যাত্রী পরিবহন ব্যবসায়ে নিয়োজিত।	১৫%	
৫১.	S০৩৬.২০	**শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল লঞ্চ সার্ভির্স ঃ** ব্যাখ্যা।- "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল লঞ্চ সার্ভিস" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল কেবিন বা কক্ষবিশিষ্ট লঞ্চ বা ষ্টীমারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।	১৫%	
৫২.	S০৩৬.৩০	**শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল রেলওয়ে সার্ভির্স ঃ** ব্যাখ্যা।- "শীতাপত নিয়ন্ত্রিত বা তাপানুকুল রেলওয়ে সার্ভিস" অর্থ এমন কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থা যিনি	১৫%	

		বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল কেবিন বা কক্ষ বিশিষ্ট ট্রেনের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।		
৫৩.	S০৩৭.০০	**<u>যোগদানদার Procurcment Provider ঃ</u>** ব্যাখ্যা।- যোগনদার অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বয়ত্বশাসিত প্রতিষ্ঠান বেসরকারি সংস্থা (এনজিও) ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান বা শিক্ষা প্রতিষ্ঠান এর নিকট পণ্যের বিনিময়ে যে করযোগ্য পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	৫%	অব্যাহতিঃ যোগানদারঃ ক. স্কুলের টিফিন সরবরাহ খ. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোড কর্তৃক প্রদত্ত কার্যাদেশ এর বিপরীতে মুদ্রিত প্রাথমিক ও মাধ্যমিক স্তর এবং সমমান পর্যায়ের পাঠ্যপুস্তক সরবরাহ গ. তুলা সরবরাহ ঘ. ওয়েস্ট এন্ড স্ক্র্যাপ পেপার সরবরাহ ঙ. ভাঙ্গা কাঁচের টুকরা (cullet) সরবরাহ চ. প্লাস্টিক বর্জ সরবরাহ ছ. জিলেটিন ক্যাপসুলের উপকরণ হিসাবে ব্যবহৃত গরু ও মহিষের হাড় জ. স্টিল মিলে স্থানীয়ভাবে সংগৃহীত স্ক্র্যাপ/ভাঙ্গারী সরবরাহ ঝ. পাটজাত পণ্য সরবরাহ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬ SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৫৪.	S০৩৮.০০	**<u>বিদেশী শিল্প সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক ঃ</u>** ব্যাখ্যা।- "বিদেশী শিল্প সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক" অর্থ পণ বা সম্মানীর বিনিময়ে বাংলাদেশের নাগরিক নহেন এমন কোনো শিল্পী অথবা বাংলাদেশের নাগরিক নহেন এমন কোনো শিল্পী সংস্থা সহযোগে নৃত্য, সংগীত, ব্যান্ড শো, কনসার্ট বা অন্য যেকোনো নামের বা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান, জলসা বা শো আয়োজন করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	
৫৫.	S০৩৯.১০	**<u>স্যাটেলাইট ক্যাবল অপারেটর ঃ</u>** ব্যাখ্যা।- "স্যাটেলাইট ক্যাবল অপারেটর" অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোনো মাধ্যমে স্যাটেলাইন প্রোগ্রাম	১৫%	

		গ্রহণপূর্বক তাহা ক্যাবল বা তারের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে অফিস, বাড়ী ব্যবসাস্থল, অন্যকোন স্থানে বা অঙ্গণে সংযোগদান করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।		
৫৬.	S০৩৯.২০	**স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর ঃ** ব্যাখ্যা।- "স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর" অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোনো মাধ্যমে স্যাটেলাইট টিভি চ্যানেলের প্রোগ্রাম গ্রহণপূর্বক তা ক্যাবল বা অন্য কোনো ব্যক্তি বা সংস্থাকে পণ্যের বিনিময়ে সংযোগদান করেন উক্তরূপ প্রোগ্রাম ধরণের স্বত্ত্ব বা অধিকার প্রদান করেন অথবা যান্ত্রিক সংযোগ দ্বারা গ্রোগ্রাম দর্শন বা প্রচারের অনুমিত প্রদান করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বাংলাদেশে মূল চ্যানেল মালিকের প্রতিনিধিত্ব করেন।	১৫%	
৫৭.	S০৪০.০০	**সিকিউরিটি সার্ভিস ঃ** ব্যাখ্যা।- "সিকিউরিটি সার্ভিস" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যেকোনো স্থাবর বা অস্থার সম্পত্তি, ভবন, কমপ্লেক্স, অংগন, বা কোনো ব্যক্তির ব্যক্তিগত নিরাপত্তা বিধানের জন্য প্রহরী, কর্মী, জনবল বা যন্ত্রপাতি সরবরাহ কাজে নিয়োজিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৫৮.	S০৪২.০০	**স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকল ঃ** ব্যাখ্যা।- "স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকল" অর্থ স্বয়ংক্রিয় বা যন্ত্র চালিত করাত কল যাহার দ্বারা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান পণের বিনিময়ে গাছ, গাছের কান্ড বা গুড়ি বা শাখা প্রশাখা চেরাই কিংবা যেকোনো ধরনের কাঠ কর্তন, চেরাই, মসৃণ করার কাজ করিয়া থাকেন; এবং কাঠ সিজনিং প্লান্টও অন্তর্ভূক্ত হইবে।	১৫%	

৫৯.	S০৪৫.০০	**আইন পরামর্শক ঃ** ব্যাখ্যা।- "আইন পরামর্শক" অর্থ এমন কোনো ব্যক্তি, আইনজীবী অথবা কতিপয় আইনজীবী সমন্বয়ে গঠিত যেকোনো চেম্বার বা প্রতিষ্ঠান, যিনি এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সংযোগে নিজস্ব বাসভবনে অথবা এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে অন্য কোথাও স্থাপিত চেম্বারে বা প্রতিষ্ঠানে কোনো ফৌজদারী বা দেওয়ানী প্রকৃতির মামলা অথবা অন্যকোনো বিষয়ে পণের বিনিময়ে কোনো ব্যক্তি, বা প্রতিষ্ঠান বা সংস্থা বা কোম্পানীতে আইনানুগ পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয়ে সম্পর্কিত	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৬০.	S০৪৬.০০	**হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার ঃ** ব্যাখ্যা।- "হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার" অর্থ এমন কোনো স্থান (খোল বা অবদ্ধ যাহাই হউক না কেন) যেখানে পণ্যের বিনিময়ে শারীরিক সৌন্দর্য বৃদ্ধিকল্পে, শারীরিক গঠন ঠিক রাখার বা শারীরিক সমস্যা উপশমের উদ্দেশ্য শরীরচর্চা করানো হয় অথবা যন্ত্রপাতি ও সুইমিংপুল ইত্যাদি ব্যবহারের সুযোগ দেয়া হয় অথবা উক্ত বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা হয়।	১৫%	
৬১.	S০৪৭.০০	**খেলাধূলা আয়োজক ঃ** ব্যাখ্যা।- "খেলাধূলা আয়োজক" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি, বাণিজ্যিক ভিত্তিতে জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতা মূলক খেলাধূলা প্রদর্শনার্থে দর্শকদের নিকট হইতে ফি, টিকেট মূল্য বা কোনো প্রকার বিনিময় মূল্য গ্রহণ করেন।	১৫%	

৬২.	S০৪৮.০০	**<u>পরিবহণ ঠিকাদার ঃ</u>** (ক) পেট্রোলিয়মজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত মূল্যের) শতকরা পনের ভাগ; (খ) অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত মূল্যের) শতকরা পঞ্চাশ ভাগ। ব্যাখ্যা।- "পরিবহণ ঠিকাদার" অর্থ এমন কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থা যিনি, বা যারা বাণিজ্যিক ভিত্তিতে কোনো সরকারি, আধাসরকারী সংস্থা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও) ব্যাংক, বীমা বা অন্যকোনো অর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানে, তালিকাভুক্ত হউক বা না হউক, পণ্যের বিনিময়ে যেকোনো পণ্য পরিবহনপুর্বক গন্তব্যস্থলে পৌঁছানোর দায়িত্ব পালন করেন।	৪.৫% ১০%	অব্যাহতিঃ "পরিবহন ঠিকাদার" শীর্ষক সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত শুধুমাত্র খাদ্যশস্য পরিবহণের সেবা। SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৬৩.	S০৪৯.০০	**<u>যানবাহন ভাড়া প্রদানকারী ঃ</u>** ব্যাখ্যা।- "যানবাহন ভাড়া প্রদানকারী" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিকভিত্তিতে পণের বিনিময়ে সরকারি আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো অর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান বা শিক্ষা প্রতিষ্ঠানকে কার (ট্যাক্সি ক্যাব ব্যতীত), জীপ মাইক্রোবাস, বাস, কেষ্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যেকোনো নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।	১৫%	SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

৬৪.	S০৫০.১০	**<u>আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর ঃ</u>** ব্যাখ্যা।- "আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে বাসভবন, বাণিজ্যিক ভবন, অফিস, রাস্তা সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কার্য, ওভারব্রিজ, ফ্লাইওভার, শিক্ষা প্রতিষ্ঠানসহ যেকোনো ধরনের অবকাঠামো নির্মাণের নকশা প্রণয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে যেকোনো অবকাঠামোর ভিতরকার সৌন্দর্য বৃদ্ধিকল্পে ডিজাইন ও কষ্ট এষ্টিমেট প্রণয়ন অথবা তাহা বাস্তবায়ন করেন। অস্থায়ী ভিত্তিতে কোনো ভবনের অংশ বিশেষের ষ্ট্রাকচার বা ডিজাইন পরিবর্তন সংক্রান্ত কার্যাদিও ইহার অন্তর্ভুক্ত হইবে।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৬৫.	S০৫০.২০	**<u>গ্রাফিক্স ডিজাইনার ঃ</u>** ব্যাখ্যা।- "গ্রাফিক ডিজাইনার" অর্থ এমন কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে মুদ্রন, ইলেকট্রনিক বা চলচ্চিত্র মাধ্যম (film media) ব্যবহারপুর্বক বিষয় (text) ও গ্রাফিক্সএর সমন্বয় দর্শনযোগ্য মাধ্যমে (visual media) বা ডিজাইন লোগো, গ্রাফিকস, ব্রোশিউর, নিউজ লেটার, পোষ্টার, সাইন, বিজনেস কার্ড, পোষ্টাকার্ড, ইনভয়েস, পুস্তক, বা এ ধরনের অন্য কোনো দর্শনযোগ্য পণ্য (visual communication) সৃষ্টি করেন।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

৬৬.	S০৫১.০০	**ইঞ্জিনিয়ারিং ফার্ম ঃ** ব্যাখ্যা।- "ইঞ্জিনিয়ারিং ফার্ম" অর্থ এমন কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থা যিনি, অথবা যারা বাণিজ্যিক ভিত্তিতে নির্দিষ্ট চার্জ, ফি বা পণ্যের বিনিময়ে ভবন, রাস্তাঘাট, সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ওভারব্রীজ, ফ্লাইওভারসহ যেকোনো ধরনের অবকাঠামোগত ডিজাইন ও কষ্ট এষ্টিমেট প্রণয়ন করেন অথবা উক্ত অবকাঠামোর নিমার্ণ কাজ তদারকী বা বাস্তবায়ন করেন।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৬৭.	S০৫২.০০	**শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ঃ** ব্যাখ্যা।- "শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে পণ্যের বিনিময়ে কোনো সামাজিক দাপ্তরিক, রাজনৈতিক বা যেকোনো অনুষ্ঠানে ব্যবহারের উদ্দেশ্যে যেকোনো ধরনের ইলেকট্রিক্যাল, ইলেকট্রোম্যাগনেটিক বা ইলেকট্রনিক শব্দ সরঞ্জাম অথবা আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৬৮.	S০৫৩.০০	**বোর্ড সভায় যোগদানকারী ঃ** ব্যাখ্যা।- "বোর্ড সভায় যোগদানকারী" অর্থ এমন কোনো ব্যক্তি যিনি কোনো সরকারী, আধাসরকারি, বেসরকারি (এনজিও), বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থা, স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর স্কোর্ড বা বার্ষিক সাধারণ সভায় ফি বা সম্মানীয় বিনিময়ে যোগদান করিয়া থাকেন।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৬৯.	S০৫৪.০০	**উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী ঃ** ব্যাখ্যা।- "উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী" অর্থ এমন কোনো উৎপাদনকারী বা সেবা প্রদানকারী যিনি তাহার প্রতিষ্ঠানে উৎপাদিত মূসক আরোপযোগ্য যেকোনো পণ্য বা সেবার	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

		বিপণনের বা প্রচারণার উদ্দেশ্যে কোনো বিজ্ঞাপন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞাপন প্রস্তুতপূর্বক, পণ্যের বিনিময়ে কোনো জাতীয় বা আন্তর্জাতিক ভূমিতে অথবা মহাকাশে স্থাপিত উপগ্রহ চ্যানেলের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিয়া থাকেন।		
৭০.	S০৫৫.০০	**ভূমি বিক্রয়কারী ঃ** ব্যাখ্যা।- ভূমি বিক্রয়কারী অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি মেট্রো পলিটন, মিউনিসিপ্যাল কর্পোরেশন বা পৌর এলাকার মাষ্টার প্ল্যানের আওতাভুক্ত এলাকায় অবস্থিত উত্তরাধিকার সূত্রে, ক্রয়সূত্রে বা অন্য যেকোনো সূত্রে প্রাপ্ত ভূমি পণ্যের বিনিময়ে অন্য কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নিকট নিজে বা অন্যের মাধ্যমে বিক্রয় করেন। তবে ভূমি উন্নয়ন সংস্থা এই সংজ্ঞার অন্তর্ভূক্ত হইবে না।	০%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৭১.	S০৫৬.০০	**ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী ঃ** ব্যাখ্যা।- "ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ কোনো রাষ্ট্রায়ত্ত, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক বাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সানের ২৭ নং আইন) এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা, যাহারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে যেকোনো মাধ্যমে ব্যাংকিং বা নন-ব্যাংকিং সেবা (ষ্টক এক্সজেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয় বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে।	১৫%	
৭২.	S০৫৭.০০	**বিদ্যুৎ বিতরণকারী ঃ** ব্যাখ্যা।- "বিদ্যুৎ বিতরণকারী" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত অথবা ক্রীত অথবা অন্য যেকোনো উপায়ে প্রাপ্ত বিদ্যুৎ সরাসরি ভোক্তার নিকট পণ্যের বিনিময়ে সরবরাহ করেন।	৫%	অব্যাহতিঃ সেচ কাজে এবং হিমাগার সেবায় ব্যবহৃত বিদ্যুৎ SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬

৭৩.	S০৫৮.০০	**চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা ঃ** ব্যাখ্যা।- "চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পণের বিনিময়ে কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থাকে চার্টারে বিমান বা হেলিকাপ্টার। ভাড়া প্রদান করেন।	১৫%	
৭৪.	S০৫৯.০০	**গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠান ঃ** ব্যাখ্যা।- গ্লাস শীট প্রলেপকারী প্রতিষ্ঠান অর্থ এমন কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে গ্লাস শীটের উপর নিজস্ব প্লান্ট বা মেশিনারী দ্বারা প্রতিফলন কোটিং বা আন্তরণ বা প্রলেপ প্রদান করেন এবং সরবরাকারীর চাহিদা মোতাবেক সাইজ বা আকৃতি প্রদানের নিমিত্তে কাটিং কার্যও সম্পাদন করেন।	১৫%	
৭৫.	S০৬০.০০	**নিলামকৃত পণ্যের ক্রেতা ঃ** ব্যাখ্যা।- "নিলামকৃত পণ্যের ক্রেতা" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অর্থের বিনিময়ে নিলাম ডাকের মাধ্যমে বা দরপত্র দ্বারা বা দরপত্র ছাড়া কোনো সরকারি, আধাসরকারি স্বায়তশাসিত প্রতিষ্ঠান বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানের স্থাবর বা অস্থার সম্পত্তি বাণিজ্যিক বা ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিয়া থাকেন।	৪%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
৭৬.	S০৬১.০০	**ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান ঃ** ব্যাখ্যা।- "ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান" অর্থ এমন কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা আর্থিক সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ফি বা চার্জের বিনিময়ে, আর্থিক লেদেনের সুবিধার্থে, ক্রেডিট কার্ড ইস্যু বা নবায়ন করে থাকে।	১৫%	

৭৭.	S০৬২.০০	**অর্থ বিনিময়কারী (ম্যানি চেঞ্জার) প্রতিষ্ঠান ঃ** ব্যাখ্যা।- "অর্থ বিনিময়কারী (মানি চেঞ্জার) প্রতিষ্ঠান" অর্থ এমন কোনো ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিময়ে সকল প্রকার বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় বা বিনিময় করিয়া থাকেন।	১৫%	
৭৮.	S০৬৩.০০	**টেইলারিং সপ ও টেইলার্স ঃ** ব্যাখ্যা।- "টেইলারিং সপ ও টেইলার্স" অর্থ এমন কোনো ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিময়ে যেকোনো ধরনের পরিধেয় পোষাক বা সাজ-সজ্জার জন্য কাপড় বা প্রক্রিয়াজাত চামড়া বা অনুরূপ দ্রব্যাদি কাটিং, ডিজাইন ও সেলাই করেন।	১৫%	অব্যাহতিঃ টেইলারিং সপ ও টেইলার্স (শীতাতপ নিয়ন্ত্রিত টেইলারিং সপ ও টেইলার্স ব্যতীত SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৭৯.	S০৬৪.১০	**এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক ঃ** ব্যাখ্যা।- "এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক" অর্থ এমন কোনো স্থান যেখানে পণ্যের বিনিময়ে প্রবেশাধিকারসহ যান্ত্রিক খেলনা, রাইড, অবকাঠামো বা প্রদর্শনীর মাধ্যমে দর্শনার্থীদের জন্য বিনোদনের ব্যবস্থা করা হয়।	১৫%	
৮০.	S০৬৪.২০	**পিকনিক স্পট, শুটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনা ঃ** ব্যাখ্যা।- "পিকনিক স্পট, শুটিং স্পট ও পর্যটন ও স্থান বা স্থাপনা" অর্থ প্রকৃতি প্রদত্ত অথবা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের লক্ষ্যে পরিকল্পিতভাবে উন্নয়নকৃত কোনো স্থান বা স্থাপনা যা, অন্যকোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, পণ্যের বিনিময়ে ভাড়া দেওয়া হয় এবং ইজারা প্রদত্ত না হইলে কোনো ঐতিহাসিক স্থানও ইহার অন্তর্ভূক্ত হইবে।	১৫%	অব্যাহতিঃ পর্যটন স্থান বা স্থাপনা (ঐতিহাসিক স্থানসহ) SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৮১.	S০৬৫.০০	**ভবন, মেঝে, ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থাঃ** ব্যাখ্যা।- "ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা" অর্থ পণ্যের বিনিময়ে সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান,	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

		বেসরকারি সংস্থা (এনজিও, ব্যাংক, বীমা, বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী আন্তর্জাতিক সংস্থার ভবন, মেঝে ও অংগন পরিষ্কারের কার্যে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।		
৮২.	S০৬৬.০০	**লটারীর টিকিট বিক্রয়কারী ঃ** ব্যাখ্যা।- "লটারীর টিকিট বিক্রয়কারী" অর্থ এমন কোনো ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কমিশনের বিনিময়ে সকল প্রকার লটারীর টিকিট বিক্রয় করে থাকেন।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৮৩.	S০৬৭.০০	**ইমিগ্রেশন উপদেষ্টা ঃ** ব্যাখ্যা। "ইমিগ্রেশন উপদেষ্টা" অর্থ এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যার বিদেশ গমন বা বিদেশী নাগরিকত্ব লাভের উদ্দেশ্য পণ্যের বিনিময়ে কোনো ব্যক্তি বা সংস্থাকে কোনো পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কোনো কার্যানির্বাহ করে থাকেন ।	৭.৫%	SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
৮৪.	S০৬৮.০০	**কোচিং সেন্টার ঃ** ব্যাখ্যা । "কোচিং সেন্টার" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণ্যের বিনিময়ে বিউটিফিকেশন প্রশিক্ষণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি, পরিক্ষায় উন্নত ফলাফল লাভ, বিদেশী ভাষা শিক্ষা ও দক্ষতা অজর্ন, চাকুরি পাওয়ার উদ্দেশ্য এবং প্রতিযোগিতামূলক পরিক্ষায় ভালো ফলাফলের জন্য এককভাবে কিংবা একাধিক সহযোগি সহযোগে যেকোনো স্থান, সেন্টার বা প্রতিষ্ঠন ছাত্র/ছাত্রী বা ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ বা পাঠদান করিয়া থাকেনা GMAT, GRE,TOEFL & IELTS প্রশিক্ষনও ইহার অন্তর্ভূক্ত হইবে ।	১৫%	
৮৫.	S০৬৯.০০	**ইংলিশ মিডিয়াম স্কুল ঃ** ব্যাখ্যা । " ইংলিশ মিডিয়াম স্কুল " অর্থ এইরূপ কোনো শিক্ষা প্রতিস্ঠান যেখানে পণ্যের বিনিময়ে দেশীয় অথবা আন্তর্জাতিক পাঠক্রম অনুসারে ইংরেজি ভাষায় পাঠদান করা হয়। জাতীয় শিক্ষাক্রম অনুসারে ইংরেজি মাধ্যমের (Version) শিক্ষা ইহার অন্তর্ভূক্ত হইবে।	৭.৫%	SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬

৮৬.	S০৭০.১০	**বেসরকারি বিশ্ববিদ্যালয়ঃ** ব্যাখ্যা । "বেসরকারি বিশ্ববিদ্যালয়" অর্থ এইরূপ কোনো বেসরকারি প্রতিষ্ঠান যেখানে পণ্যের বিনিময়ে পাঠদান শেষে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হইয়া থাকে।	০%	SRO ১৭৬/আইন/২০১৬/৭৫২
৮৭.	S০৭০.২০	**বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ ঃ** ব্যাখ্যা ঃ "বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ" অর্থ এইরূপ কোনো বেসরকারি প্রতিষ্ঠান যেখানে পণের বিনিময়ে পাঠদান শেষে মেডিকেল বা ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান হইয়া থাকে	০%	SRO ১৭৬/আইন/২০১৬/৭৫২
৮৮.	S০৭১.০০	**অনুষ্ঠান আয়োজক ঃ** ব্যাখ্যা ঃ "অনুষ্ঠান আয়োজক" অর্থ এমন কোনো ব্যক্তি , প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহার, পণের বিনিময়ে অপর কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের যেকোনো ধরনের অনুষ্ঠান আয়োজনে সহায়তা করিয়া থাকেন ।	১৫%	VDS সাধারন আদেশ নং-০৬/মূসক/২০১৬
৮৯.	S০৭২.০০	**মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ঃ** ব্যাখা ।- "মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান" অর্থ কোনো সরকারি, আধাসরকারি স্বায়ত্তশাসিত পতিষ্ঠান, বেসরকারি সংস্থা বা লিমিটেড কোম্পানীতে সুনির্দিষ্ট কাজ সম্পাদানের লক্ষ্যে বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে পনের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাপ্তরিক সেবা প্রদানকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ।	১৫%	VDS সাধারন আদেশ নং-০৬/মূসক/২০১৬
৯০.	S০৭৩.০০	**জনশক্তি রপ্তানিকারী প্রতিষ্ঠান ঃ** ব্যাখা : "জনশক্তি রপ্তানি প্রতিষ্ঠান" অর্থ এমন কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা জনশক্তি বা কর্মসংস্থান ব্যুরো বা সমজাতীয় অন্য কোনো	০%	SRO ১৭৬/আইন/২০১৬/৭৫২

		কর্তৃপক্ষের অধীনে তালিকাভুক্ত/ নিবন্ধিত হইয়া বাংলাদেশ হইতে বিদেশ কিংবা বিদেশ হইতে বাংলাদেশে লোকবল নিয়োগে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় সাধনসহ কমিশন/ চার্জ/ ফি এর বিনিময়ে ভিসা প্রসেসিং ও অন্যান্য দাপ্তরিক সেবা		
৯১.	S০৭৪.০০	**স্থান ও স্থাপনা ভাড়া গ্রহনকারী ঃ** ব্যাখা : "স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা আবাসিক কাজে ব্যবহার্য নয় এরুপ কোনো স্থান বা স্থাপনা পণের বিনিময়ে নির্দিষ্ট মেয়াদে ব্যবহার করার নির্দিষ্ট। মেয়াদান্তে নবায়নযোগ্য উক্তরূপ অধিকার অর্জনও ইহার অন্তর্ভুক্ত হইবে।	১৫%	অব্যাহতিঃ স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী; ক. নিবন্ধিত বা তালিকাভুক্ত প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক ভাড়া; খ. সম্পূর্ণ আবাসিক কাজে ব্যবহারের জন্য প্রদত্ত সুবিধা এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত অনধিক ১৫০ (একশত পঞ্চাশ) বর্গফুট আয়তনের কোনো স্থাপনা গ. তথ্য প্রযুক্তি নির্ভর সেবা, অর্থাৎ সেবার কোড S০৯৯.১০ আওতায় নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক কোন স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ SRO ২১০-আইন/২০১৬/৭৬৫
৯২.	S০৭৫.০০	**স্টক ও সিকিউরিটি ব্রোকার ঃ** ব্যাখ্যা ।- "স্টক ও সিকিউরিটি ব্রোকার" অর্থকমিশনের বিনিময়ে কোনো বেনিফিসিয়ারী ওনার'স একাউন্টসধারি ব্যাক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে শেয়ার ক্রয়-বিক্রয় কাজে নিয়োজিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা ।	০%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৯৩.	S০৭৬.০০	**সামাজিক ও খেলাধূলা বিষয়ক ক্লাবঃ** ব্যাখ্যা ।-''সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব'' অর্থ গলফ ক্লাব, রেসিং প্লেস, ফ্লাইং ক্লাব, ড্রাইভিং ক্লাবসহ এমন কোনো সামাজিক অথবা খেলাধুলা বিষয়ক সংগঠন বা সংস্থা বা প্রতিষ্ঠান যাহার সদস্যপদ গ্রহণ করিতে হইলে ১০,০০০/-টাকার উর্দ্ধে ফি প্রদান করিতে হয় অথবা মাসিক ৫০০/- টাকার উর্ধ্বে চাদা প্রদান করিতে হয় এবং যেখানে পণ্যের বিনিময়ে অন্যান্য সেবা সরবরাহ করা হয়। তবে ফুটবল, ক্রিকেট, হকি ভলিবল, কাবাডি, বাস্কেট বল, হ্যান্ডবল ইত্যাদি খেলাসহ অলিম্পিক গেমসের	১৫%	

		অন্তর্ভূক্ত সকল ইভেন্ট ইহার আওতায় বহির্ভূত হইবে।		
৯৪.	S০৭৭.০০	**ট্যুর অপেরেটর ঃ** ব্যাখ্যা।- "ট্যুর অপেরেটর" অর্থ এমন কোনো ব্যাক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বানিজ্যিক ভিওিতে অপর কোনো ব্যক্তি প্রতিষ্ঠানের দেশে বা বিদেশে যেকোনো ধরনের ভ্রমন আয়োজনে সহায়তা করে থাকেন।	০%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২
৯৫.	S০৭৮.০০	**নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরি পোষাক বিপনন কেন্দ্র ঃ** ব্যাখ্যা।- "নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরি পোষাক বিপনন কেন্দ্র" অর্থ এমন কোনো ব্যাক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা নিজস্ব ব্রান্ড বা ট্রেড মার্ক ব্যবহার করিয়া পরিধেয় পোষাক নিজস্ব অথবা চুক্তিভিওিক দ্বারা উৎপাদন অথবা আমদানি করিয়া নিজস্ব শো রুম বা বিপনন কেন্দ্র থেকে পণের বিনিময়ে বিক্রয় করেন।	৪%	SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬
৯৬.	S০৯৯.১০	**তথ্য প্রযুক্তিনির্ভর সেবা (information technology enabled services)ঃ** ব্যাখ্যা।- "তথ্য প্রযুক্তি নির্ভর সেবা (information technology enabled services)" অর্থ Digital content development and Management, Amination (both 2D and 3D). Geographic Information Survice (GIS), it support and software maintence services, website services, business process outourcing, data, entry, data processeng, call centre, graph-ics design (digital survice), search engine optimization, web listing,	৪.৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

৯৯.	S০৯৯.৪০	**মেডিটেশন সেবা ঃ** ব্যাখ্যা।- "মেডিটেশন সেবা" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, পনের বিনিময়ে মনোদৈহিক রোগগ্রস্ত, হতাশাগ্রস্থ এবং নানাবিধ শারীরিক জটিল ব্যধিতে আকান্ত রোগী অথবা যেকোনো ব্যক্তিকে মেডিটেশন, কাইন্সিলিং, ধ্যানচর্চা, মোহিতকরণ বা অনুরূপ কোনো পদ্ধতিতে মানসিক ও মনোদৈহিক উৎকর্ষ সাধন বা প্রশান্তি আনয়নের লক্ষে সেবা প্রদান করেন।	০%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ SRO ২১০-আইন/২০১৬/৭৬৫
১০০.	S০৯৯.৫০	**অনলাইনে পণ্য বিক্রয় ঃ** ব্যাখ্যা।- "অনলাইনে পণ্য বিক্রয়" অর্থ ইলেক্ট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে সেই সকল পণ্য ও সেবার ক্রয়-বিক্রয়কে বুঝাবে যা ইতোপূর্বে কোনো উৎপাদনকারী বা সেবা সরবরাহকারীর নিকট হতে মূসক পরিশোধপূর্বক গৃহীত হইয়াছে এবং যাদের নিজস্ব কোনো বিক্রয়কেন্দ্র নাই।	০%	
১০১.	S০৯৯.৬০	**ক্রেডিট রেটিং এজেন্সিঃ** ব্যাখ্যা।- "ক্রেডিট রেটিং এজেন্সি" অর্ত এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণ্যের বিনিময়ে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার আর্থিক অবস্থা পর্যালোচনাপূর্বক ঋণ পরিশোধের সামর্থ পরিমাপ করে এবং আর্থিক অবস্থা বিশ্লেষণও ইহার অন্তর্ভূক্ত হবে।	১৫%	VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬

[নোট: ১। করযোগ্য সেবার সংজ্ঞা এসআরও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২ মূসক অনুসোরে এবং পরবর্তিতে অল্প কিছু সংশোধন এসআরও নং ১৭৭/আইন/২০১৬/৭৫৩ মূসক, এসআরও নং ৭০২, তারিখ ০৫/০৬/২০১৪ মূসক, এসআরও নং ৬৮৪, তারিখ ০২/০৭/২০১৩ মূসক, এসআরও নং ৭৩৭, তারিখ ০১/০৭/২০১৫ মূসক, এসআরও নং ৭২৬, তারিখ ০৪/০৬/২০১৫ দ্বারা সংশোধিত হয়েছে এবং সংশোধিত সংজ্ঞা উল্লেখ করা হয়েছে।]

২। যে সেবার মন্তব্য ঘরে VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ উল্লেখ করা হয়েছে সেই খাতটি VDS এর অন্তর্ভূক্ত।

		e-commarce and online shopping, document conversion, imaging and archving.		
৯৭.	S০৯৯.২০	**<u>অন্যান্য বিবিধ সেবা ঃ</u>** ব্যাখ্যা।- "অন্যান্য বিবিধ সেবা" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলের অন্তর্ভুক্ত নয়, এই প্রজ্ঞাপনে সংঙ্গায়িত করা হয় নাই এবং উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত নয়, পনের বিনিময়ে প্রদত্ত এমন সকল সেবা।	১৫%	অব্যাহতিঃ শুধুমাত্র গ্রেফেব্রিক্স এর ডাইং, উইং, প্রিন্টিং, ফিনিশিং ও ক্যালেন্ডারিং সংক্রান্ত সেবা কার্যক্রম SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬
৯৮.	S০৯৯.৩০	**<u>স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)ঃ</u>** ব্যাখ্যা।- "স্পন্সরশীপ সেবা (sponrship services)" অর্থ sponsorship service includes naming an event after the sponser, displaying the sponsors company logo or trading name, giving the sponsor exclusive or priotity booking rights, sponsoring prize or trophies for competition; but does not include any sports event involving national teams of bangladesh. it also excludes any financial or other support in the form of donations or gifts, given by the donors subject to the condition that the service provider is under no obligation to provide anything in return to such donations.	১৫%	SRO ১৭৬-আইন/২০১৬/৭৫২ VDS সাধারন আদেশ নং ০৬/মূসক/২০১৬ SRO ১৮০-আইন/২০১৬/৭৫৬